

**2020**  
**BENGALI**  
**[HONOURS]**  
**Paper : II**  
**[NEW SYLLABUS]**

Full Marks : 100

Time : 4 Hours

*The figures in the right-hand margin indicate marks.**Candidates are required to give their answers in their own words as far as practicable.*১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $1 \times 5 = 5$ 

ক) ‘অনন্দামঙ্গল’ কাব্যটি ভারতচন্দ্র কতসালে রচনা করেন?

খ) ‘অনন্দামঙ্গল’ কাব্যে উল্লিখিত দু’জন ঐতিহাসিক ব্যক্তির নাম লেখো।

গ) ন্যূনের কোন্ দেশের রাজা ছিলেন?

ঘ) রাবণের পিতার নাম কী ছিল?

ঙ) রামচন্দ্রকে অশ্বমেধ যজ্ঞ করার পরামর্শ কে দিয়েছিলেন?

চ) ‘আমার শপতি লাগে’ পদের ‘পরাণের পরাণ নীলমণি’ — এখানে এই ‘নীলমণি’ কে?

ছ) ‘মাধব কি কহব দৈব-বিপাক’ — পদটি কে রচনা করেন?

জ) পূর্বরাগের শ্রেষ্ঠ কবি কে?

২। যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 6 = 12$ 

ক) ‘কোথা গেল প্রাণনাথ আমারে করহ সাথ তোমা বিনা সকলি আঁধার।’

— এখানে কে, কার উদ্দেশ্যে এই বিলাপ করেছেন?

খ) ‘অনন্দামঙ্গল’ এর রচনাকালজ্ঞাপক শ্লোকটি উল্লেখ করো।

গ) রাবণকে ‘শক্তিশেল’ বান্টি কে এবং কেন প্রদান করেন?

ঘ) কুবেরকে কে, কী নামের রথ দান করেন?

ঙ) ‘দুই ভাই দুই জাতি হৈল কি কারণ।।’ — এখানে দুই ভাই ও দুই জাতি বলতে কী বোঝানো হয়েছে?

চ) লক্ষাপুরী কে কতদিনে নির্মাণ করেন?

ছ) ‘তাতল সৈকত বারিবিন্দু সম’ — পদটির রচয়িতা কে? ‘তাতল সৈকত’ শব্দের অর্থ কী?

জ) ‘াঁহা পঁহ অরঁগ-চরণে চলি যাত।’

— পদটি কোন্ পর্যায়ের? এই পর্যায়ের একজন শ্রেষ্ঠ পদকর্তার নাম লেখো।

৩। 'ক' এবং 'খ' থেকে দুটি দুটি করে মোট চারটি প্রশ্নের উত্তর  
দাও:  $2 \times 4 = 8$

ক) অলঙ্কার নির্ণয় করো (যে-কোনো দুটি):

অ) বৃথাই হোল জন্ম রে তোর

সব হোল তোর মিছে,

সারা জীবন ছুটলি শুধুই

মরীচিকার পিছে।

আ) আছিলাম একাকিনী বসিয়া কাননে।

আনিল তোমার পতি বান্ধি নিজগুণে।।

ই) দেবতা আশিস ছলে বরয়ে শিশির।

ঈ) অজানা গোপন গন্ধে পুলকে চমকি

দাঁড়াবে থমকি।

খ) উদাহরণযোগে যে-কোনো দুটি অলঙ্কারের সংজ্ঞা ও  
বৈশিষ্ট্য উল্লেখ করো।

অনুপ্রাস, বক্রোক্তি, যমক, ব্যাজস্তুতি, সন্দেহ, অপহৃতি

৪। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 2 = 10$

ক) দ্রষ্টান্তসহ সংজ্ঞা নির্ণয় করো (যে-কোনো দুটি):

অক্ষর, কলা, ঘতিলোপ, চরণ

খ) ছন্দলিপি প্রস্তুত করো (যে-কোনো একটি):

অ) গায়ে আমার পুলক লাগে

চোখে ঘনায় ঘোর

হৃদয়ে মোর কে বেঁধেছে

রাঙা রাখীর ডোর।

আ) খাঁচার পাখি ছিল সোনার খাঁচাটিতে  
বনের পাখি ছিল বনে।

একদা কী করিয়া মিলন হল দেঁহে  
কী ছিল বিধাতার মনে।

গ) সত্যেন্দ্রনাথ দত্তকে কেন বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ  
ছান্দসিক কবি বলা হয়ে থাকে তা সংক্ষেপে আলোচনা  
করো।

৫। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 4 = 20$

ক) ভারতচন্দ্রের অনন্দামঙ্গল ১ম ভাগ কাব্যে দেবীর যে  
রূপের মাহাত্ম্য কীর্তিত হয়েছে তা সংক্ষেপে লেখো।

খ) 'অনন্দামঙ্গল' কাব্যের শুরুতে কবি বাংলাদেশের যে  
অরাজক অবস্থার বর্ণনা দিয়েছেন তা নিজের ভাষায়  
বর্ণনা করো।

- গ) ‘নির্ধন হতেছে রাজ্য, শুন রঘুবর।’ রাজ্যের এই বার্তা রামচন্দ্রের কাছে কে উপস্থিত করেন? এই সংবাদ শুনে রামচন্দ্র কী সিদ্ধান্ত নিয়েছিলেন সংক্ষেপে আলোচনা করো।
- ঘ) ‘ব্ৰহ্মা-অংশে জন্ম তার, সৰ্বলোকে জানে।  
 রাক্ষস হইল তবে কিসের কারণে।।।’ — এখানে কার সম্পর্কে এৱাপ মন্তব্য করা হয়েছে? সংক্ষেপে তার জন্মবৃত্তান্তটি আলোচনা করো।
- ঙ) ‘পূর্বরাগ’ বলতে কী বোঝা? তোমার পাঠ্য এই পর্যায়ের একটি পদ আলোচনা করে পূর্বরাগের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।
- চ) ‘তাতল সৈকত’ — পদটিতে নিবেদনের যে ভাষটি প্রকাশিত হয়েছে তা নিজের ভাষায় লেখো।

৬। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :       $15 \times 3 = 45$

‘ক’-এর উত্তর আবশ্যিক এবং ‘খ’, ‘গ’ ও ‘ঘ’-এর মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

ক) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

- অ) অনেক সমালোচক মনে করেন রামায়ণের উত্তরাকাণ্ডের ঘটনা প্রক্ষিপ্ত। উক্ত কাণ্ডের ঘটনা আলোচনা করে দেখাও যে এই কাণ্ডটি প্রক্ষিপ্ত কিনা?

- আ) বৈষণব রসশাস্ত্রে ‘বাংসল্য রস’ বলতে কী বোঝানো হয়েছে? এই পর্যায়ের একটি পদের আলোচনা করে এই পর্যায় সম্পর্কে বিস্তৃত ব্যাখ্যা দাও।

অথবা

‘রাজসভা কবি রায়গুণাকরের অনন্দামঙ্গল গান রাজকঠের মণিমালার মতো, যেমন তাহার উজ্জ্বলতা, তেমনি তাহার কারুকার্য।’ — ‘অনন্দামঙ্গল’ কাব্য সম্পর্কে রবীন্দ্রনাথের এই অভিমত কতখানি গ্রহণযোগ্য তা বিশ্লেষণ করো।

- খ) ‘অনন্দামঙ্গল’ কাব্যের দেবচরিত্রগুলিতে দেবভাব নয়; মানবভাবই বড়ো হয়ে উঠেছে।—তোমার পাঠ্য অংশ অবলম্বনে মন্তব্যটির মূল্যায়ন করো।

অথবা

“এই কাব্যের প্রথম খণ্ডে লোক-ঐতিহ্যের কাছে কবির বার বার ফিরে যাওয়া তাঁর লোকজীবনগত ইহমুখিনতাকেই প্রমাণ করল।” — অনন্দামঙ্গল কাব্যে এই লোক-উপাদান ও লোকজীবনের যে চিত্র প্রতিফলিত হয়েছে তা বিশদে তুলে ধরো।

- গ) রামায়ণের উত্তরাকাণ্ডে অগস্ত্যমুনির দ্বারা কথিত রাবণের দিদ্ধিজয়ের কাহিনী সংক্ষেপে বর্ণনা করো।

অথবা

রামায়ণের উন্নরাকাণ্ডের সীতা চরিত্রের বিশ্লেষণের  
মধ্য দিয়ে কৃতিবাস যে সত্যে উপনীত হতে চেয়েছেন  
তা বিশদে আলোচনা করো।

- ঘ) ‘পূর্বরাগ’ বলতে কী বোঝা? তোমার পঠিত পদ  
অবলম্বনে রাধাকৃষ্ণের পূর্বরাগ সম্পর্কে বিস্তৃত  
আলোচনা করো।

অথবা

‘মধুর রসের বাইরেও বৈষণব পদাবলীতে অন্যান্য  
রসের পদ পাওয়া যায়’ — তোমার পঠিত পদ  
অবলম্বনে এই অভিমতটি বিশ্লেষণ করে দেখাও।

---